তারিখ AUG 26 2006
পৃষ্ঠা ২৮ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# ব্যতিক্রমী শিক্ষা প্রতিষ্ঠান ইউডা

ক্যাপস মোঃ জুবায়ের

এইচএসসি শেষ, সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তিও মোটামুটি শেষ। কিন্তু কোথাও কি আপনার ভর্তি নিশ্চিত হলো না? কি করবেন নিশ্চয়ই দ্বারস্থ হবেন কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের। দেশে এই মুহূর্তে ৫০ বা ততোধিক বেসরকারি বিশ্ববিদ্যালয় তাদের কার্যক্রম চালাচ্ছে। স্বীয় উদ্যোগে এই প্রতিষ্ঠানগুলো বাংলাদেশের নতুন প্রজন্মকে তাদের কাঙ্ক্ষিত স্বপ্নের দ্বারে পৌঁছে দিচ্ছে। সমাজ গঠনেও চাকরির বাজারে এই সব



প্রতিষ্ঠানের ভূমিকাও এখন তাৎপর্যপূর্ণ। প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ই নতুনত্ব ও আকর্ষণীয় সব সাবজেক্ট নিয়ে উপস্থাপন করছে নিজেকে। বিবিএ, কম্পিউটার সায়েন্সের বাইরেও এসেছে জার্নালিজম, ফাইন আর্টস এমনকি মলিকিউলার মেডিসিন ও বায়ো টেকনোসেজির মত আকর্ষণীয় ও গুরুত্বপূর্ণ সব সাবজেক্ট।

এমনই একটি ব্যতিক্রমধর্মী ইউনিভার্সিটি হচ্ছে UODA- ইউনিভার্সিটি অভ ডেভেলপমেন্ট অল্টারনেটিভ। দশটি চার বছরব্যাপী অনার্স প্রোগ্রাম নিয়ে আটটি বৃহৎ ও সুপরিসর ক্যাম্পাসে পরিচালিত হচ্ছে-এর কার্যক্রম। ধানমন্ডি লেক পার্শ্বেই অবস্থিত-এর বেশির ভাগ ক্যাম্পাস। শুধু শিক্ষা কার্যক্রমই নয়-সেবা, সাংস্কৃতিক এমনকি সামাজিক অগ্রগতিতেও ভূমিকা রেখে চলেছে এই প্রতিষ্ঠানটি।

> দশ হাজার শিক্ষার্থী এবং দশটি চার বছর মেয়াদী অনার্স প্রোগ্রাম নিয়ে আটটি সুপরিসর ক্যাম্পাসে পরিচালিত হচ্ছে এর কার্যক্রম। ধানমন্ডি লেক পার্শ্বেই এর বেশির ভাগ ক্যাম্পাস।

### শিক্ষা কার্যক্রম

প্রায় দশ হাজার শিক্ষার্থী এবং ৩শ' স্থায়ী ও প্রায় ৩শ' খন্ডকালীন শিক্ষক দ্বারা চলছে-এর শিক্ষা কার্যক্রম। ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশনের শর্তানুযায়ী গাজীপুরের জমির উপর UODA-র নিজস্ব ক্যাম্পাস। UODA-র চার বছরমেয়াদী অনার্স কোর্সসমূহ হচ্ছেঃ বিবিএ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কমিউনিকেশন এন্ড মিডিয়া স্টাডিজ, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, ইংলিশ, ফাইন আর্টস, ল এন্ড হিউম্যান রাইটস, মলিকুলার মেডিসিন এন্ড বায়োইনফর্মেটিকস, মিউজিক এবং ফার্মেসি। এছাড়াও ফাইন আর্টস, বিজনেস ও বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিংয়ের উপর মাস্টার্স কোর্স চালু আছে। একটি শিক্ষাবর্ষে তিনটি সেমিস্টার অর্থাৎ তিনবার ভর্তি হওয়ার সুযোগ রয়েছে UODA-তে। এসএসসি ও এইচএসসিতে ন্যূনতম জিপিএ-২ থাকলেই ইউডাতে ভর্তি হওয়া যাবে। ইউডা একটি অলাভজনক প্রতিষ্ঠান আর এর টিউশন ফি অন্য যে কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে কম অথচ উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটা সবধরনের সুবিধাই প্রদান করে। প্রত্যেক ডিপার্টমেন্টের স্থায়ী ল্যাবরেটরি কম্পিউটিং সিস্টেম ইন্টারনেট সুবিধা, স্বতন্ত্র লাইব্রেরি সুবিধা আছে।

### অন্যান্য কর্মকাণ্ড

২৬ মার্চ, ১৬ ডিসেম্বর, ১লা বৈশাখ এই দিনগুলোতে ইউডা বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে থাকে। প্রতি বছরের ন্যায় বিগত ২৬ মার্চে জাতীয় সংসদ ভবনের সামনের মানিক মিয়া এভিনিউতে গণচিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে ইউডার ফাইন আর্টস ডিপার্টমেন্ট। আয়োজনটি ছিল বেশ উপভোগ্য কারণ যে সুদীর্ঘ ৮শ' ফুট লম্বা চিত্র অংকিত হয়েছিল তা বাংলাদেশের তো বটেই বিশ্বের অন্যতম বৃহৎ পথচিত্র।

বিস্তারিত জানতে যোগাযোগের ঠিকানাঃ ইউডা, বাসা # ১১৩, রোড # ৯এ (নতুন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা। ই-মেইলঃ